



পাসপোর্ট নাগরিক অধিদপ্তর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর

সার্বিক সেবাই অঙ্গীকার



আঞ্চলিক পাসপোর্ট অফিস, ফেনী

সিটিজেন চার্টার

সতর্কতা :

- আবেদনপত্র অবশ্যই সঠিক তথ্য প্রদান করতে হবে।
- আবেদনপত্রে কোন মিথ্যা তথ্য দিয়ে থাকলে আপনি আইনতঃ দণ্ডনীয় হবেন।
- নিজের/পিতার/মাতার নাম, জন্ম তারিখ (BRC/NID) ইত্যাদির ক্ষেত্রে তথ্য পরিবর্তন করা যাবে না।
- কোন অবস্থায় ই-পাসপোর্ট ফি ব্যাংকে জমা ছাড়া পাসপোর্ট অফিসে কোন অর্থ লেনদেন করা যাবে না।
- (BRC/NID) থাকলেও ফরম পূরণ ও ব্যাংকে টাকা জমাদানের সময় নামের বানানে কোন ডট (.) / হাইফেন (-) / ফ্লোন (:) ইত্যাদি ব্যবহার করা যাবে না।
- শিক্ষাগত বা চাকুরীসূত্রে প্রাপ্ত পদবীসমূহ (যেমন-ডাক্তার, ইঞ্জিনিয়ার, ডক্টর, পিএইডি, গ্র্যাডভোকেট ইত্যাদি) নামের অংশ হিসাবে পরিগণিত হবে না।
- আবেদনকারীর পিতা, মাতা, স্বামী/স্ত্রী মৃত হলেও তার/তাদের নামের পূর্বে মৃত/মরহুম (Late) লেখা যাবে না আপনার অসম্পূর্ণ ও মিথ্যা তথ্যসম্বলিত আবেদনের দায় আবেদনকারীকে নিতে হবে।
- রঙ্গিন জামা কাপড় পরা আবশ্যিক (সাদা অথবা হালকা রংয়ের জামা কাপড় পরিহার করুন)
- ই-পাসপোর্ট আবেদনের পূর্বে/পরে পাসপোর্ট ফি পরিশোধ করতে হবে।
- পাসপোর্ট ফি অনলাইনে পেমেণ্ট করা যাবে। অনলাইনে পেমেণ্টে ছাড়া ও এ-চালানের মাধ্যমে যে কোন ব্যাংকে পেমেণ্ট করা যাবে ই-পাসপোর্ট আবেদনের ফি-এর সাথে ১৫% ভ্যাট সংযোজিত।
- ১৮ বছরের নিম্ন আবেদনকারীগণ কেবলমাত্র ৫ বছর মেয়াদী পাসপোর্ট পাবেন

বিতরণের প্রকৃতি	সাধারণ			
	৪৮ পৃষ্ঠা		৬৪ পৃষ্ঠা	
	০৫ বছর	১০ বছর	০৫ বছর	১০ বছর
নিয়মিত	৪,০২৫	৫,৭৫০	৬,৩২৫	৮,০৫০
জরুরী	৬,৩২৫	৮,০৫০	৮,৬২৫	১০,৩৫০
অতিব জরুরী	৮,৬২৫	১০,৩৫০	১২,০৭৫	১৩,৮০০

- বিশেষ দ্রষ্টব্য : সম্ভাব্য ডেলিভারি পাওয়ার সময়: সাধারণ পাসপোর্ট এর ক্ষেত্রে ২১ কর্মদিবস, জরুরী ১০ কর্মদিবস এবং অতিব জরুরী পাসপোর্ট ০২ কর্মদিবসে সরবরাহ করা হবে। (অতিব জরুরী পাসপোর্ট প্রাপ্তির লক্ষ্যে উপপরিচালক) মহোদয়ের সাথে পরামর্শ করে আবেদন করতে অনুরোধ করা হলো।

নির্দেশনা :

- www.e-passport.gov.bd এই অনলাইনে-এ Online-এ e-passport এর আবেদন করতে হবে।
- তারকা চিহ্নিত ক্রমিক নম্বরগুলো অবশ্যই পূরণ করতে হবে।
- জাতীয় পরিচয় পত্র (NID) অথবা অনলাইন জন্ম-নিবন্ধন (BRC) সনদ অনুযায়ী আবেদনপত্র পূরণ করতে হবে।
- জাতীয় পরিচয় পত্র (NID) অথবা অনলাইন জন্ম-নিবন্ধন (BRC) সনদ নিম্নোক্ত বয়স অনুসারে দাখিল করতে হবে:
 - ক) ১৮ বছরের নিম্নের হলে অনলাইন জন্ম নিবন্ধন (BRC) সনদ;
 - খ) ১৮-২০ বছর হলে জাতীয় পরিচয়পত্র (NID) অথবা অনলাইনের জন্ম নিবন্ধন (BRC) সনদ;
 - গ) ২০ বছরের উর্ধ্ব হলে জাতীয় পরিচয়পত্র (NID) আবশ্যিক।
- অপ্রাপ্ত বয়স্ক (১৮ বছরের কম) আবেদনকারী যার জাতীয় পরিচয় পত্র (NID) নাই, তার পিতা-মাতার জাতীয় পরিচয়পত্র (NID) নম্বর অবশ্যই উল্লেখ করতে হবে।
- প্রযোজ্য ক্ষেত্রে জিও (GO)/ এনওসি (NOC)/ প্রত্যায়নপত্র/অবসরোত্তর ছুটির আদেশ (PRL Order) সংযোজন করতে হবে, যা ইস্যুকারী কর্তৃপক্ষের নিজ নিজ Website এ আপলোড থাকতে হবে।
- আবেদনে বর্তমান ঠিকানা সংশ্লিষ্ট বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস/আঞ্চলিক পাসপোর্ট অফিসে দাখিল করতে হবে।

ই-পাসপোর্ট আবেদনপত্র জমাদানে প্রয়োজনীয় কাগজপত্রাদি

- এপয়েন্টমেন্ট শিডিউলের প্রিন্ট কপি।
- অনলাইনে আবেদনকৃত ফরমের প্রিন্ট কপি।
- ফি জমা প্রদানের রসিদ (এ-চালান/ই-চালান)।
- মূল জাতীয় পরিচয় পত্র (NID)/অনলাইন জন্ম নিবন্ধন (BRC) সনদ এবং তার ফটোকপি।
- অপ্রাপ্ত বয়স্ক (১৮ বছরের নিম্নে) আবেদনকারীদের ক্ষেত্রে পিতা-মাতার মূল জাতীয় পরিচয়পত্র (NID) সনদ এবং তার ফটোকপি।
- পূর্ববর্তী মূল এমআরপি পাসপোর্ট এবং পাসপোর্ট এর ডাটা পেইজ এর ফটোকপি (যদি থাকে)।
- ০৬ (ছয়) বছর বয়সের নিম্নের আবেদনের ক্ষেত্রে পাসপোর্ট সাইজ ও 3R সাইজের (সাদা ব্যকগ্রাউন্ড) ম্যাট পেপারে ল্যাব প্রিন্টের রঙ্গীন ছবি দাখিল করতে হবে।
- প্রাসঙ্গিক টেকনিক্যাল সনদসমূহ (যেমন-ডাক্তার, ইঞ্জিনিয়ার, ড্রাইভার ইত্যাদি) আপলোড/সংযোজন করতে হবে।
- স্থায়ী ঠিকানা, বৈবাহিক অবস্থা, পেশা অথবা অন্যান্য তথ্যাদি পরিবর্তনের ক্ষেত্রে পরিবর্তিত তথ্য সংশ্লিষ্ট যাবতীয় দলিলাদি দাখিল করতে হবে।
- ১৫ (পনের) বছরের নিম্নে আবেদনকারীদের পিতা-মাতার ছবি অথবা বৈধ অভিভাবকের পাসপোর্ট সাইজের ছবি দাখিল করতে হবে।
- আপনার জন্য প্রযোজ্য সকল প্রয়োজনীয় কাগজপত্রাদির মূল কপি সঙ্গে আনতে হবে।

বিশেষ দ্রষ্টব্য: আপনার যে কোন ধরনের সমস্যা সমাধান কল্পে উপপরিচালকের সাথে আলাপান্তে অফিস ত্যাগ করুন। আপনার যৌক্তিক মূল্যবান পরামর্শ সাদরে গৃহীত হইবে।

বাংলাদেশের সকল নাগরিক দেশের অভ্যন্তর থেকে ১৬৪৪৫ এবং প্রবাস/বিদেশ থেকে ০৯৬৬৬৭১৬৪৪৫ নম্বরে কল করে পাসপোর্ট সংক্রান্ত তথ্য ও পরামর্শ পেতে পারবেন।

এছাড়াও বিদেশী নাগরিকগণ বাংলাদেশ অভ্যন্তর থেকে ১৬৪৪৫ এবং অন্যান্য দেশ থেকে ০৯৬৬৬৭১৬৪৪৫ নম্বরে কল করে ভিসা সংক্রান্ত তথ্য ও পরামর্শ পাবেন।